

জ্ঞানমূলক

১. নিশিরাইত বাঁশবাগানসহ জোনাকি সাক্ষী কতগুলো?
২. বৈঠায় হাত রাখলে কার পরশ বোঝা যায়?
৩. কবি এ গাঁয়ে কী নন?
৪. 'আমি কোনো আগন্তুক নই' কবিতাটির রচয়িতা কে?
৫. 'আমি কোনো আগন্তুক নই' কবিতার প্রথম পঙক্তি কোটি?
৬. 'আগন্তুক' শব্দটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
৭. কদম আলীর চোখে কী ফুটে উঠেছে?
৮. মাটিতে কার গন্ধ রয়েছে?
৯. আহসান হাবীব কার চিরচেনা স্বজন?
১০. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় ধানের পাতা কেমন?
১১. 'জমিন' শব্দটি কোন শব্দের অভিধায় দেখা যায়?
১২. নিশিন্দার ছায়া কিসের চাদরে ঢাকা?
১৩. মূলত জন্মভূমির সঙ্গে মানুষের সম্পর্ক কত দিনের?
১৪. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় আসমানের তারার পরে কবি কাকে সাক্ষী করেছেন?
১৫. কবি স্বাপ্নিক নিয়মে কোথায় থাকেন?

আবার আসিব আমি বাংলার নদী মাঠ খেত ভালোবেসে
জলাঙ্গীর ঢেউয়ে ভেজা বাংলার এ সবুজ করুণ ডাঙায়,
হয়তো দেখিবে চেয়ে সুদর্শন উড়িতেছে সন্ধ্যার বাতাসে,
হয়তো শুনিবে এক লক্ষ্মীপেঁচা ডাকিতেছে শিমুলের ডালে;
হয়তো খইয়ের ধান ছড়াতেছে শিশু এক উঠানের ঘাসে,
রূপসার ঘোলা জলে হয়তো কিশোর এক সাদা ছেঁড়া পালে
ডিঙা বায়; রাঙা মেঘ সাঁতরায়ে অন্ধকারে আসিতেছে নীড়ে
দেখিবে ধবল বক; আমরাই পাবে তুমি ইহাদের ভিড়ে।

ক. বিস্তর জোনাকি কোথায় দেখা যায়?

খ. 'আমি কোনো আগন্তুক নই'- কবি এ কথা বলেছেন কেন?

গ. উদ্দীপকে ফুটে ওঠা চিত্রের সঙ্গে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকে ফুটে ওঠা চিত্রের সঙ্গে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার চেতনাগত বৈসাদৃশ্যই বেশি-
যুক্তসহ বিশ্লেষণ করো।